

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪১৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. মাগরিবের ওয়াক্ত

باب فِي وَقْتِ الْمَغْرِبِ

আরবী

حَدَّثَنَا دَاوُدُ بْنُ شَبِيب، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كُنَّا نُصلِي الْمَغْرِبَ مَعَ النَّبِيِّ صلي الله عليه وسلم ثُمَّ نَرْمِي فَيَرَى أَحَدُنَا مَوْضِعَ نَبْلِهِ .

_ صحیح

বাংলা

8১৬। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে মাগরিবের সালাত আদায় করতাম। অতঃপর তীর নিক্ষেপ করতাম। আমাদের প্রত্যেকেই তখনো তার তীর পতিত হওয়ার স্থান দেখতে পেত।[1]

সহীহ।

English

Anas b. Malik said:

We used to offer the Maghrib prayer with the Prophet (ﷺ) and then shoot arrows, one of us could see the place where arrow would fall.

ফুটনোট

[1] ইবনু খুযাইমাহ (অনুঃ মাগরিবের সালাত তাড়াতাড়ি আদায় মুস্তাহাব, হাঃ ৩৩৮) সাবিত সূত্রে, আহমাদ (৩/১১৪, ২০৫) হুমাইদ সূত্রে, সাবিত এবং হুমাইদ উভয়ে আনাস সূত্রে, হাদীসটির শাহিদ বর্ণনা রয়েছে মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ মাগরিব সালাতের প্রথম ওয়াক্ত সূর্যান্তের ঠিক পরক্ষণেই) রাফি' ইবনু খুদাইজ এর



হাদীস।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন